মেহেরপুরে বঙ্গবন্ধু ও স্বাধীনতা বইমেলার উদ্বোধন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ৩ দিন ব্যাপী বঙ্গবন্ধু ও স্বাধীনতা বইমেলার উদ্বোধন করা হয়েছে। গতকাল শুক্রবার বিকালে মেহেরপুর শহীদ সামসুজ্জোহা নগর উদ্যানে ৩ দিন ব্যাপী বই মেলার আয়োজন করা হয়েছে। জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বঙ্গবন্ধু ও স্বাধীনতা বইমেলার উদ্বোধন করেন।
উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, পিপি পল্লব ভট্টাচার্য।
অনুষ্ঠানে অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমুল হুদা, সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, সহকারী কমিশনার (ভূমি) আবু সাঈদ, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহমুদুল হাসান, মাশতুরা আমিনা, নাহিদ হোসেন, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয ও বিএম কলেজের অধ্যক্ষ আখতারুজ্জামান, সদর থানার ওসি শাহ দারা খান প্রমূখ উপস্থিত ছিলেন। মেলায় মোট ২৭ টি স্টল স্থান পেয়েছে। এসময় অতিথিরা মেলার স্টল পরিদর্শন করেন।

জীবননগর হাসাদাহে সাংবাদিক মতিয়ার রহমানের মতবিনিময় সভা

জীবননগর উপজেলার ৫নং হাসাদাহ ইউনিয়নের আগামী ইউপি নির্বাচনের চেয়ারম্যান প্রার্থী হিসাবে আগাম প্রাচরনা করেন হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ও হাসাদাহ ইউনিয়নের জাতীয়পার্টির সভাপতি ডিএম মতিয়ার রহমান। গতকাল শুক্রবার জুম্মা নামাজের শেষে তিনি মত প্রকাশ করে মুসল্লির সাথে এক মতবিনিময় করেন।

এসময় তিনি তিনার নিজ তারানিবাস গ্রামের পশ্চিম পাড়া ও পূর্ব

পাড়ার জামে মসজিদে নামাজের পর ও পারিবারিক কবর জিয়ারত করে ইউপি নির্বাচনে জয়লাভের জন্য দোয়া অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন সাংবাদিক আতিয়ার রহমান, আব্বাছউদ্দীন, তাহসানুর রহমান, রামেদ, মনিরুজ্জামান রিপন, আল আমিন, এম আই আতিয়ার, হাসাদাহ ইউনিয়নের জাতীয় পাটির সাধারণ সম্পাদক আব্দুল হান্নান, কর্মী পলাশ খন্দকার, জসিম উদ্দীন, বদরউদ্দীন, আবু বক্কর, শাহাজুল হকসহ এলাকার সুধীজন।

মোবারকগঞ্জ সুগারমিলে ৫৫ তম আখ মাড়াই মৌসুমের উদ্বোধন

ঝিনাইদহের কালীগঞ্জের মোবারকগঞ্জ সুগার মিলে ২০২১-২২ আখ মাড়াই মৌসুমের উদ্বোধন করা হয়েছে। শুক্রবার বিকাল সাড়ে ৩টার সময় ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার ডোঙ্গায় আখ ফেলে মাড়াই মৌসুমের উদ্বোধন করেন। এটি সুগার মিলের ৫৫তম আখ মাড়াই মৌসুম।

এসময় উপস্থিত ছিলেন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপেরশনের ইক্ষু উন্নয়ন ও গবেষনা বিভাগের পরিচালক কৃষিবিদ আশরাফ আলী, মোবারকগঞ্জ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাকিবুর রহমান খান, কুষ্টিয়া সুগার মিলের ব্যবস্থাপনা পরিচালক কৃষিবিদ আখলাছুর রহমান, মোচিক শ্রমিক ইউনিয়নের সভাপতি গোলাম রসুল, সাধারন সম্পাদক শরিফুল ইসলাম, আখ কল্যাণ সমিতির সভাপতি জহুরুল ইসলাম, সম্পাদক মাসুদুর রহমান মন্টু, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহানাজ পারভিন, ত্রিলোচনপুর ইউনিয়নের নবনির্বাচিত ইউপি চেয়ারম্যান নজরুল ইসলাম ঋতু, শিমলা রোকনপুর ইউপি চেয়ারম্যান নাসির চৌধরী, আখচাষি শাহজাহান আলীসহ স্থানীয় জনপ্রতিনিধি, মিলের কর্মকর্তা শ্রমিক ও আখচাষীরা।

এবার ৪৭ দিনে ৭০ হাজার মেট্রিক টন আখ মাড়াই করে ৪ হাজার ৯শ মেট্রিকটন চিনি উৎপাদনের লক্ষমাত্রা ধরা হয়েছে। চিনি আহরণের আনুমানিক হার ধরা হয়ে ৭ শতাংশ। এছাড়া ৭ হাজার আখ রোপনের

কোটচাঁদপুরে করোনা টিকা নেওয়ার ৭২ ঘণ্টা পর স্কুলছাত্রীর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে করোনার টিকা নেওয়ার ৭২ ঘন্টা পর আল্লাদী খাতুন (১৩) নামের ৭ম শ্রেণীর এক স্কুলছাত্রীর মৃত্যুর হয়েছে।

গত বৃহস্পতিবার দুপুরে যশোর জেনারেল হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। মৃত আল্লাদী খাতুন কোটচাঁদপুর পৌর এলাকার দুধসরা গ্রামের টিটো হোসেনের মেয়ে। সে কোটচাঁদপুর পাইলট বালিকা বিদ্যালয়ের ছাত্রী ছিল।

জানা যায়, সারাদেশে স্কুল শিক্ষার্থীদের করোনার টিকার আওতায় আনা কর্মসূচি চলছে। এরই অংশ হিসেবে গত সোমবার কোটচাঁদপুর পৌর পাঠাগারে বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থীদের ফাইজারের টিকা দেওয়া হয়। আল্লাদী খাতুন ওই দিন শরীরে টিকা নেয়। টিকা নেওয়ার পর মঙ্গলবার (২৮ ডিসেম্বর) ভোররাত থেকে সে অসুস্থ হয়ে পড়ে।

পরদিন সকালে তাকে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হলে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়। সেখানে আইসিইউতে চিকিৎসাধীন থাকার পর বৃহস্পতিবার (৩০ ডিসেম্বর) দুপুরে তার মৃত্যু হয়।

আল্লাদী খাতুনের ফুফু জাহানারা খাতুন বলেন, টিকা নেওয়ার কয়েকদিন আগে আল্লাদীর জ্বর ছিল। ওষুধ খাওয়ার পর সে সুস্থ হয়ে যায়। কিন্তু শরীর খুব দুর্বল ছিল। টিকা নেওয়ার পর সে অসুস্থ হয়ে পড়েছে। যারা টিকা দিল তারা জিজ্ঞাসা না করে টিকা দিল কেন?

আল্লাদীর পিতা টিটো হোসেন বলেন, আমার মেয়েকে স্কুল থেকে কার্ড দিয়ে টিকা দিতে বলা হয়েছে। টিকা যেখানে দেওয়া হয়েছে সেখানে কোনো প্রকার স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা করেনি। টিকা দেওয়ার

পর মেয়ে অসুস্থ হয়ে পড়ে। আমার মেয়েটা মারা গেছে স্কুলের শিক্ষক আর যারা টিকা দিয়েছে তাদের কারণে। আমি এর বিচার চাই। কেন ওরা স্বাস্থ্য পরীক্ষা না করে টিকা দিল। যদি পরীক্ষা করে টিকা দিত তাহলে আজ এই ঘটনা ঘটত না।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আবদুর রশিদ বলেন, মেয়েটিকে যখন হাসপাতালে আনা হয়েছিল তখন জ্বর, শ্বাসকষ্ট ও খিঁচুনি ছিল। মেয়েটির আগে থেকেই জ্বর ছিল। কেন সে জ্বর থাকা অবস্থায় টিকা নিল। আমরা তো ওই সময় সবাইকে বলে দিয়েছিলাম যে অসুস্থ হলে টিকা নেওয়া যাবে না।

এ ব্যাপারে যশোর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. আক্তারুজ্জামান বলেন, টিকা নিয়ে মেয়েটি বাড়ি চলে যায়। পরে সে অসুস্থ হলে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন স্বজনরা। সেখানে অবস্থার অবনতি হলে মঙ্গলবার সন্ধ্যার পর তাকে যশোরে আনা হয়। অবস্থা খারাপ হওয়ায় তাকে আইসিইউতে নেওয়া হয়। সেখানেও তার শারীরিক অবস্থা খারাপ হয়ে গেলে ভেন্টিলেটরে দেওয়া হয়। বৃহস্পতিবার দুপুরে মেয়েটা মারা যায়।

কোটচাঁদপুরে খান.কম ট্রাভেলস্রে পক্ষ থেকে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে খান.কম ট্রাভেলস্রে পক্ষ থেকে দরিদ্র-অসহায় ও শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

শুক্রবার বিকালে পৌর শহরের ১ নং ওয়ার্ডের আল নুর জাসে মসজিদের সামনে এই কম্বল বিতরণ করা হয়। খান.কম ট্রাভেল্সের মালিক এম.এ কাশেম খানের পক্ষে শীর্তাত মানুষের হাতে কম্বল তুলে দেন এম.এ কাশেম খানের ছোট ভাই ও পৌরসভার ১ নং ওযার্ড কাউন্সিলর মাহবুব খাঁন হানিফ।

এসময় কাউন্সিলর হানিফ জানান, মৃদু শৈতপ্রবাহ ও শীতের এই তীব্রতা প্রকট হওয়ায় দরিদ্র, অসহায় ও ছিন্নমূল মানুষেরা পড়ছে বিপাকে। তাদের প্রতি ভালোবাসার উষ্ণতা ছড়িয়ে দিতে খান.কম ট্রাভেল্সের এই উদ্দ্যেগ। এসময় উপস্থিত ছিলেন, পৌর এলাকার নানা শ্রেণী-পেশার মানুষ।

কোটচাঁদপুরে বিএনপি’র সঙ্গে ভাইস প্রেসিডেন্ট জয়নুল আবেদীনের সৌজন্য সাক্ষাত

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিএনপির ভাইস প্রেসিডেন্ট সুপ্রিম কোর্ট বার আইনজীবী সমিতির সাবেক সভাপতি সিনিয়র আইনজীবী এ্যাড. জয়নুল আবেদীনের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছেন উপজেলা ও পৌর বিএনপির নেতা-কর্মীরা।

শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে পৌর শহরে জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সিনিয়র সদস্য আবুবকর বিশ্বাসের নিজ বাসভবন নার্গিস ভবনে এই সৌজন্য সাক্ষাত করেন।

এসময় নেতা-কর্মীদের পক্ষ থেকে তাকে ফুলেল শুভেচ্ছা দেওয়া হয়। এ্যাড. জয়নুল আবেদীন নেতা-কর্মীদের উদ্দ্যেশে বলেন, সরকার বিএনপি নেতাদের বিরুদ্ধে লাখ লাখ মামলা দিয়ে হয়রানি করছে। সরকারের বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে আন্দোলন-সংগ্রামের নির্দেশ দেন। তিনি বলেন, বিএনপির সু-দিন খুব সন্নিকটে। দেশের জনগন দ্রুতই এই সরকার থেকে মুক্তি পাবে।

এসময় উপস্থিত ছিলেন, বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির তথ্য ও গবেষনা বিষয়ক সহ-সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল, উপজেলা বিএনপি’র সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক, পৌর বিএনপির সভাপতি ও সাবেক পৌর মেয়র সালাহউদ্দীন বুলবুল সিডল, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মোঃ লিয়াকত আলী, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু, সাবেক উপজেলা ভাইস

চেয়ারম্যান ও ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, প্রমূখ। এছাড়াও পৌর ও উপজেলা বিএনপি এবং অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা- কর্মীরা উপস্থিত ছিলেন।

চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মুক্তি ও বিদেশে উন্নত চিকিৎসার দাবিতে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসাবে মেহেরপুরের মহা সমাবেশে প্রধান অতিথি হিসাবে যোগদান শেষে বৃহস্পতিবার কোটচাঁদপুরে বিএনপির ভাইস প্রেসিডেন্ট সুপ্রিম কোর্ট বার আইনজীবী সমিতির সাবেক সভাপতি সিনিয়র আইনজীবী এ্যাড. জয়নুল আবেদীন রাত্রি যাপন করেন।

মেহেরপুর আশরাফপুরে এক পরিবারের ৩ জনকে পিটিয়ে আহত

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামে পারিবারিক বিরোধের জেরে আঃ সালাম, রুপা খাতুন ও রাসেল নামের তিনজনকে পিটিয়ে গুরুত্বর আহত করার অভিযোগ উঠেছে একই এলাকার আবুল শেখের ফিরোজ, শওকতের ছেলে হাসান, সিরাজের ছেলে শাইদুল ইসলাম, আবুল শেখের ছেলে মিজান, সিরাজের ছেলে তারিকুল ইসলাম ও ফিরোজের মেয়ে তানিয়া খাতুনের বিরুদ্ধে। সকাল ১১টার দিকে আশরাফপুর গ্রামে এ ঘটনা ঘটে।

এসময় একটি ট্রাক্টর, দুটি গরু, একটি স্বর্ণের চেইন ও বাড়ি ঘর ভাংচুরের অভিযোগ তুলেছে ভুক্তভূগীরা। তারা আরও অভিযোগ করে বলেন, বর্তমান চেয়ারম্যান আনারুল ইসলাম ও তার ছেলে লিজনের ক্ষমতার দাপটে তারা এই ছিনতাই ও হামলার ঘটনা ঘটিয়েছে।

ট্রাক্টর চালক আরিফ বলেন, পিরোজপুর থেকে মহাজনপুর এলাকায় ইটের খোয়া বহন করছিলাম। এমন সময় হাসান ও ফিরোজসহ ৮-১০ জন এসে আমার কাছ থেকে ট্রাক্টর ছিনিয়ে নেয়। এসময় আমি বাধা দিতে গেলে তারা জোরপূর্বক ট্রাক্টরটি নিয়ে চলে যায়।

এঘটনায় মেহেরপুর সদর থানায় একটি এজাহার দাখিল করা হয়েছে। এজাহার সূত্রে জানা গেছে, রাসেল ও তানিয়া স্বামী স্ত্রী। তানিয়ার অবাধ্য

চলাফেরার কারণে তাদের পারিবারিক ঝগড়াঝাটি হয়। একারণে আনুমানিক ২০দিন আগে রাসেলের শশুর ফিরোজ সহ হাসান, শাইদুল ইসলাম, মিজান, তারিকুল ইসলাম রাসেলের বাড়ি থেকে তানিয়াকে জোরপূর্বক বাড়িতে নিয়ে যায়।

পারিবারিক ঝগড়াঝাটিকে কেন্দ্র করে শুক্রবার সকাল ১১টার দিকে ফিরোজ, হাসান, শাইদুল, মিজান, তারিকুল বাঁশের লাঠি, লোহার রড,জিআই পাইপ, কাঠের বাটাম,শাবল নিয়ে রাসেলের বাড়িতে প্রবেশ করে গালাগালি করতে থাকে। এসময় রাসেল তাদের কথার প্রতিবাদ করলে তারা রাসেলকে এলোপাতাড়ি পেটাতে থাকে।

এসময় রাসেল মাটিতে পড়ে গেলে ফিরোজ তার মাপলার রাসেলের গলায় পেচিয়ে শ্বাসরোধ করে হত্যার চেষ্টা করে। রাসেলের চিৎকারে রাসেলের বাবা সালাম এগিয়ে এলে তাকেও এলোপাতাড়ি পিটিয়ে গুরুত্বর আহত করে। এসময় রাসেলের মা রুপা খাতুন তাদের ঠেকাতে গেলে হাসান তাকে অশ্রাব্য ভাষায় গালাগালি করে এবং রুপা খাতুনের চুল ধরে টেনেহিচড়ে মাটিয়ে ফেলে পিটিয়ে আহত ও শ্লীলতাহানীর চেষ্টা করে। এসময় শাইদুল ইসলাম রুপা খাতুনের গলায় থাকা ৮ আনা ওজনের একটি স্বর্ণের চেইন ছিনিয়ে নেয়। এর আগে উপরোক্ত ব্যক্তিরা নুরপুর মোড় থেকে রাসেলের ট্রাক্টর এবং বাড়ি থেকে দুটি গরু জোরপূর্বক নিয়ে যায়।

ঝিনাইদহে নির্বাচনপূর্ব এবং নির্বাচনোত্তর সহিংসতা বেড়েই চলেছে

ঝিনাইদহের বিভিন্ন ইউনিয়নে নির্বাচনপূর্ব এবং নির্বাচনোত্তর সহিংসতা, হামলা, ভাংচুর ও লুটপাটের ঘটনা ঘটেই চলেছে। পুলিশের যথেষ্ট তৎপরতার কারণে অনেক সহিংসতা ও হামলা মামলার ঘটনা বন্ধ করা সম্ভব হয়েছে। গত কয়েকদিন ধরে ঝিনাইদহ সদরের পদ্মাকর, নলডাঙ্গা, কালীচরণপুর, হরিনাকুণ্ডুর চাঁদপুর, রঘুনাথপুর এবং শৈলকুপার সারুটিয়া, ফুলহরী, উমেদপুর ও আবাইপুরসহ বিভিন্ন ইউনিয়নে

নির্বাচনী সংঘাত ও সহিংসতা লেগেই রয়েছে। এছাড়া পারিবারিক দ্বন্দ্বও এই হামলা, ভাংচুর ও লুটপাটের কারণ হয়ে দাড়াচ্ছে। অনেক ভুক্তভোগিরা নির্বাচিত চেয়ারম্যানের চাপ, আশ্বাস এবং প্রভাবশালীদের ভয়ে থানায় মামলা করার সাহস পাচ্ছে না।

গত ২৬ডিসেম্বর ঝিনাইদহ সদরের ইউপি নির্বাচনকে সামনে রেখে পদ্মাকর ইউনিয়নে ১৮ ডিসেম্বর উভয় পক্ষের মধ্যে সংর্ঘষ বাধে এবং এই সংঘাত ছড়িয়ে পড়ে ইউনিয়নের বিভিন্ন গ্রামে। তারই সূত্র ধরে পারিবারিক দ্বন্দ্বে একই ইউনিয়নের কাশিমপুর গ্রামের মৃত কাওছার শেখের ছেলে মুকুল শেখ এবং রবিউল শেখের বাড়িতে ওহাবের নেতৃত্বে ৭০/৮০জনের একদল দুর্বৃত্ত হামলা, ভাংচুর এবং লুটপাট চালাই। সরেজমিনে প্রত্যক্ষদর্শীদের কাছ থেকে জানা যায়, গত ইউনিয়ন পরিষদ নির্বাচনের আগে ১৮ ডিসেম্বর দুই পক্ষের দ্বন্দ্বের সুযোগে পূর্বশত্রুতার জের ধরে একই গ্রামের মৃত ইউসুফ আলী মন্ডলের ছেলে ওহাব আলী’র নেতৃত্বে একদল সন্ত্রাসী বাহিনী মুকুল শেখের বাড়িতে হামলা চালিয়ে ঘরের খাট, আলমারী, শো-কেস, ডেসিং টেবিলসহ বিভিন্ন আসবাবপত্র ভাংচুর করে এবং আলমারীতে থাকা পোলট্রি ব্যবসায়ের ২লাখ ৮০ হাজার টাকা লুট করে নিয়ে যায়।

এছাড়া তার ভাই রবিউল শেখের বাড়িতেও হামলা করে ভাংচুর চালাই এবং ঘরে থাকা নগদ ৮০হাজার টাকা কিছু গহনাসহ আনুমানিক ১লাখ ৭০হাজার টাকামূল্যের দুইটি গরু লুট করে নিয়ে যায়। এব্যাপারে মুকুল শেখ বলেন লুটপাটের ঘটনার পর আমরা ভয়ে ঘরে ঘুমাতে পারিনা বিভিন্ন ভাবে হুমকীর মুখে আছি। নবনির্বাচিত চেয়ারম্যান বিকাশ বিশ্বাসের মিমাংশা করার আশ্বাসে এবং প্রতিপক্ষের হুমকীর ভয়ে আমরা এখনো থানায় অভিযোগ করতে সাহাস পায়নি। ভুক্তভোগিদের দাবি ঘটনার সুষ্ঠু তদন্ত স্বাপেক্ষে দোষিদের বিচারের আওতায় আনা হোক।
এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ বলেন ঝিনাইদহ সদরের কোন অভিযোগ পেলেই আমরা দ্রুত পদক্ষেপ নিচ্ছি। বর্তমানে সব এলাকা শান্ত রাখার চেষ্ঠায় পুলিশ তৎপর রয়েছে।

গাংনীতে পুত্রবধুর অত্যাচারে শাশুড়ির বীষপান

পুত্র বধুর নির্যাতন সইতে না পেরে বীষপান করে আত্মহত্যার চেষ্টা চালিয়েছেন শাশুড়ি আশেদা খাতুন (৪৫) আশেদা খাতুন গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামের ওসমান আলীর স্ত্রী।
আজ শুক্রবার (৩১ ডিসেম্বর) বেলা ১২ টার সময় বীষপান করেন আশেদা খাতুনের স্বামী ওসমান আলী জানান, আমার একমাত্র পুত্রবধু কাকলী খাতুনের সাথে প্রতিদিনই ঝগড়া ঝাটি লেগেই আছে। আজ বেলা সাড়ে ১২ টার দিকে শাশুড়িকে অকথ্য ভাষায় গালিগাল করলে ক্ষোভে বীষপান করে। সাথে সাথে আশেদাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসলে তার বীষ উত্তোলন করেন ডাক্তার।
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত স্যাকমো সোহাগ হোসেন জানান বর্তমানে সে সুস্থ্য আছে।

মুজিবনগরে গৌরীনগর হাফিজিয়া মাদ্রাসা এতিমখানা ও লিল্লাহ্ বোর্ডিং এর উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগরে গৌরীনগর হাফেজিয়া মাদ্রাসা ও এতিমখানা লিল্লাহ বোডিং এর শুভ উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বেলা আড়াইটার দিকে মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের মুজিবনগর মেহেরপুর প্রধান সড়ক গৌরীনগর ফুটবল খেলার মাঠের পার্শ্বে স্থাপিত গৌরিনগর হাফিজিয়া মাদ্রাসা এতিমখানা ও লিল্লাহ বোডিং এর উদ্বোধন করা হয়।
অত্র মাদ্রাসার সভাপতি ও আমন্ত্রিত অতিথি বৃন্দ ফিতা কেটে উদ্বোধন করেন পরে মাদ্রাসা প্রাঙ্গনে ফরিদুল ইসলাম এর সঞ্চালনায়, মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি সাবেক প্রভাষক বাকের আলীর সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।